

সরকারের ভিশন- ২০২১

কালপঞ্জি

- ২০১০: প্রাথমিক স্তরে ভর্তি ১০০ শতাংশে উন্নীত করা
- ২০১১: সকলের জন্য আর্সেনিকমুক্ত সুপেয় পানির ব্যবস্থা
- ২০১১: প্রত্যেক পরিবারের একজন কর্মক্ষম যুবককে কর্মসংস্থানের জন্য এমপ্লয়মেন্ট গ্যারান্টি স্কিম চালু করা
- ২০১২: উচ্চমাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণদের ন্যাশনাল সার্ভিস-এ নিযুক্তিকরণ
- ২০১২: বাংলাদেশকে পুনরায় খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে গড়ে তোলা
- ২০১৩: বিদ্যুৎ উৎপাদন ৭ হাজার মেগাওয়াটে উন্নীত করা
- ২০১৩: বার্ষিক অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ৮ শতাংশে উন্নীত করা
- ২০১৩: পর্যায়ক্রমে স্নাতক পর্যন্ত অর্থাৎ ডিগ্রি পর্যন্ত সকল শিক্ষা অবৈতনিক করার ব্যবস্থা
- ২০১৩: সকলের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশন-এর সুযোগ নিশ্চিত করা
- ২০১৩: সড়ক নেটওয়ার্কে গ্রাম-ইউনিয়ন, উপজেলা ও জেলা সদরকে সংযুক্ত করার কার্যক্রম সম্পন্ন করা
- ২০১৩: দারিদ্র্যের হার বর্তমান ৪৫ থেকে ২৫ ভাগে নামিয়ে আনা
- ২০১৪: নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ে তোলা
- ২০১৪: শিক্ষকদের জন্য কর্মকমিশন গঠন করা
- ২০১৫: সকল ছিন্নমূল মানুষ ও গৃহহারা মানুষের জন্য ঘরবাড়ি করে দেয়া
- ২০১৫: বিদ্যুৎ উৎপাদন ৮ হাজার মেগাওয়াটে উন্নীত করা
- ২০১৭: অর্থনৈতিক প্রবৃদ্ধির হার ১০ শতাংশ অর্থাৎ দুই ডিজিটে উন্নীত করার প্রচেষ্টা অব্যাহত রাখা
- ২০২০: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করা
- ২০২১: স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন করা
- ২০২১: সবার জন্য বিদ্যুৎ নিশ্চিত করতে উৎপাদনের লক্ষ্যমাত্রা ২০ হাজার মেগাওয়াট করা
- ২০২১: বেকারত্বের হার ৪০ থেকে ১৫ শতাংশে নামিয়ে আনা
- ২০২১: মাথাপিছু গড় আয় ডলারের অঙ্কে ৪ ডিজিটে উন্নীত করা
- ২০২১: স্থায়ী মজুরি কমিশন গঠন করা
- ২০২১: ৮৫ শতাংশ নাগরিকের মানসম্পন্ন পুষ্টি চাহিদা পূরণ করা
- ২০২১: শিশুমৃত্যু হার প্রতি হাজারে ৫৪ থেকে কমিয়ে ১৫ করা
- ২০২১: মাতৃমৃত্যু হার প্রতি হাজারে ৩.৮ থেকে কমিয়ে ১.৫ করা
- ২০২১: গড় আয় ৭০-এর কোঠায় উন্নীত করা
- ২০২১: সংসদে নারী আসন ৩৩ শতাংশে উন্নীত করা এবং সরাসরি নির্বাচনের ব্যবস্থা করা
- ২০২১: প্রজনন নিয়ন্ত্রণ সামগ্রী ব্যবহারের হার ৮০ শতাংশে উন্নীত করা
- ২০২১: দরিদ্র জনগোষ্ঠীর জন্য প্রতিদিন ন্যূনতম ২১২২ কিলো ক্যালোরির উর্ধ্বে খাদ্য নিশ্চিত করা
- ২০২১: সকল প্রকার সংক্রামক ব্যাধি সম্পূর্ণ নির্মূল করা
- ২০২১: শিল্পে শ্রমশক্তি ১৬ থেকে ২৫ শতাংশে এবং সেবা খাতে ৩৬ থেকে ৪৫ শতাংশে উন্নীত করা
- ২০২১: কৃষিখাতে শ্রমশক্তি ৪৮ শতাংশ থেকে কমিয়ে ৩০ শতাংশে নিয়ে আসা
- ২০২১: ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলা